

# 🗏 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪:১৫

# আরবি মূল আয়াত:

# بَلَى إِنَّ رَبَّهُ كَانَ بِهِ بَصِيرًا ﴿ ١٥٠ ﴾

#### 

হ্যাঁ, নিশ্চয় তার রব তার প্রতি সম্যক দৃষ্টি দানকারী। — আল-বায়ান অবশ্যই ফিরে যাবে, তার প্রতিপালক তার প্রতি দৃষ্টি রাখছেন। — তাইসিরুল হ্যাঁ,(অবশ্যই প্রত্যাবর্তিত হবে) নিশ্চয়ই তার রাব্ব তার উপর সবিশেষ দৃষ্টি রাখেন। — মুজিবুর রহমান But yes! Indeed, his Lord was ever of him, Seeing. — Sahih International

### ১৫. হ্যাঁ,(১) নিশ্চয় তার রব তার উপর সম্যক দৃষ্টি দানকারী।

(১) অর্থাৎ সে যা মনে করেছে তা ঠিক নয়। সে অবশ্যই তার রবের কাছে ফিরে যাবে। অবশ্যই সে পুনরুথিত হবে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

# ১৫। অবশ্যই (সে প্রত্যাবর্তিত হবে)।[1] নিশ্চয়ই তার প্রতিপালক তার উপর সবিশেষ দৃষ্টি রাখেন। [2]

- [1] একটা অর্থ এটাও হতে পারে যে, এটা কি করে সম্ভব হতে পারে যে, সে ফিরে আসবে না এবং পুনর্বার জীবিত হবে না? অথবা 'অবশ্যই', 'কেন নয়', সে অবশ্যই আল্লাহর নিকট ফিরে আসবে।
- [2] অর্থাৎ, তার আমল আল্লাহর নিকট কোন রকমের গুপ্ত ছিল না।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5899

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন